গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

বিষয়ঃ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২৩ পালনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির আলোকে স্থানীয় সরকার বিভাগের কর্মসূচি চূড়ান্তকরণের জন্য ভার্চুয়াল সভার কার্যবিবরণী।

সভার তারিখ : ৩০ জুলাই ২০২৩

সময় : বেলা ০১:০০ ঘটিকা

সভাপতি : মুহম্মদ ইব্‌রাহিম
সচিব, স্থানীয় সরকার বিভাগ।

সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের শহীদ সদস্যগণের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আগামী ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে প্রস্তাবিত কর্মসূচির ওপর আলোচনার সূত্রপাত করেন। তিনি অবহিত করেন যে, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগে ০৭ জুন ২০২৩ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্তের আলোকে স্থানীয় সরকার বিভাগের কর্মসূচি চূড়ান্তকরণের লক্ষ্যে এ সভার আয়োজন করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) ড. মলয় চৌধুরী বিস্তারিত কর্মসূচি সভায় উপস্থাপন করেন।

০২. বিস্তারিত আলোচনার পর ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২৩ যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে স্থানীয় সরকার বিভাগ, আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ কর্তৃক পালনের উদ্দেশ্যে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | (ক) ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।<br>(খ) জাতীয় পতাকা সঠিক মাপের ও রঙের হতে হবে, বিবর্ণ ও মোচড়ানো পতাকা ব্যবহার করা যাবে না। এক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের জাতীয় পতাকা বিধিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা ও সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান |
| ২. | ১৫ আগস্ট ২০২৩ তারিখ সকাল ৬:৩০ ঘটিকায় ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ, সশস্ত্র বাহিনী কর্তৃক অনার গার্ড প্রদান এবং মোনাজাত।<br>(ক) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন অনুষ্ঠানস্থল ও এর পার্শ্ববর্তী এলাকা অনুষ্ঠান উপযোগী করে প্রস্তুত রাখা এবং লেক সংলগ্ন বঙ্গবন্ধুর প্রতিকৃতির দুই পাশের লেকের ফোয়ারা চালু রাখতে হবে;<br>(খ) অনুষ্ঠানস্থলে পর্যাপ্ত বিশুদ্ধ খাবার পানির ব্যবস্থা রাখতে হবে। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন<br>ঢাকা ওয়াসা |

| ক্রমিক | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| ৩. | ১৫ আগস্ট ১৯৭৫ তারিখে শাহাদত বরণকারী জাতির পিতার পরিবারের সদস্যবৃন্দ ও অন্যান্য শহীদের কবরে (ঢাকার বনানীস্থ কবরস্থানে) সকাল ৭.৩০ ঘটিকায় পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি অর্পণ এবং ফাতেহা পাঠ ও মোনাজাত<br>(ক) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন অনুষ্ঠানস্থল এবং পার্শ্ববর্তী এলাকা অনুষ্ঠান উপযোগী করে প্রস্তুত রাখা, ত্রিপলযুক্ত প্যান্ডেল স্থাপনসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।<br>(খ) অনুষ্ঠানস্থলে পর্যাপ্ত বিশুদ্ধ খাবার পানির ব্যবস্থা রাখতে হবে। | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন<br>ঢাকা ওয়াসা |
| ৪. | ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার সকাল ১০:০০ টায় গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে ফাতেহা পাঠ, পুষ্পস্তবক অর্পণ, সশস্ত্র বাহিনী কর্তৃক অনার গার্ড প্রদান এবং মোনাজাত। | |
| ৫. | গুরুত্বপূর্ণ স্থানে জাতীয় শোক দিবসের পোস্টার স্থাপন ও এলইডি বোর্ডের মাধ্যমে বঙ্গবন্ধুর উপর নির্মিত প্রামাণ্য চলচ্চিত্র প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ঢাকা দক্ষিণ/উত্তর সিটি কর্পোরেশন |
| ৬. | (ক) স্থানীয় সরকার বিভাগ ও এর আওতাধীন দপ্তর/অধিদপ্তর ও সংস্থাসমূহ জাতীয় শোক দিবসের কর্মসূচীর সঙ্গে সামঞ্জস্য রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন করবে।<br>(খ) অদ্য ৩০ জুলাই ২০২৩ মাসে একটি প্রস্তুতিমূলক সভা আয়োজন করা হয়েছে এবং আগস্ট ২০২৩ মাসের প্রথম সপ্তাহে ফলোআপ সভা আয়োজন করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ<br>স্থানীয় সরকার বিভাগ |
| ৭. | (ক) জেলা ও উপজেলা পর্যায়ে যথাযোগ্য মর্যাদার সঙ্গে জাতীয় শোক দিবসে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করবে। প্রস্তুতি সভা করে জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতি রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। জেলা ও উপজেলা প্রশাসন আয়োজিত অনুষ্ঠানসমূহে সরকারি কর্মকর্তাগণের উপস্থিতি আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে। স্থানীয় সরকার বিভগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাগণকে সক্রিয় অংশগ্রহণ ও উপস্থিতি নিশ্চিত করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।<br>(খ) জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত কর্মসূচিতে জেলা পরিষদ ও পৌরসভার অংশগ্রহণসহ দেশের সকল সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের জন্য জাতীয় কর্মসূচির সঙ্গে সামঞ্জস্য রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। | সকল অনুবিভাগ/অধিশাখা/ সংশ্লিষ্ট শাখা |
| ৮. | স্থানীয় সরকার বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থার সকল কর্মকর্তা/ কর্মচারী ০১ আগস্ট ২০২৩ হতে কালো ব্যাচ ধারণ করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ |
| ৯. | জাতীয় শোক দিবসের অনুষ্ঠান আয়োজনের সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের দায়িত্ব পালনের নিমিত্ত স্ব স্ব দপ্তর/সংস্থা এসবি পাশ সংগ্রহ করবে। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা |
| ১০. | জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ, আওতাধীন দপ্তর/সংস্থা নিজস্ব বাজেট হতে এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ নিজস্ব রাজস্ব আয় হতে এ ব্যয় নির্বাহ করবে। | স্থানীয় সরকার বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ |

| ক্রমিক | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| ১১. | (ক) স্থানীয় সরকার বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে ১৫ আগস্ট ২০২৩ তারিখ সকাল ৮:৩০ টায় ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে।<br>(খ) ১৭ আগস্ট ২০২৩ তারিখ বৃহস্পতিবার বিকাল ০৩.০০ টায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সম্মেলন কক্ষে স্থানীয় সরকার বিভাগ কেন্দ্রীয়ভাবে বঙ্গবন্ধুর কর্ম ও জীবনীভিত্তিক আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হবে। উক্ত অনুষ্ঠানে স্থানীয় সরকার বিভাগের কর্মকর্তা এবং ঢাকাস্থ দপ্তর/সংস্থার শীর্ষ কর্মকর্তাগণ অংশগ্রহণ করবেন। | স্থানীয় সরকার বিভাগ।<br>স্থানীয় সরকার বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ। |

সভাপতি স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ এবং গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য সকলের প্রতি আহবান জানান। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।

১।৮।২০২৩

(মুহম্মদ ইব্রাহিম)
সচিব
স্থানীয় সরকার বিভাগ

নং- ৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০০৬.২২- ৮২৪/৭(১৩)

তারিখঃ ১৭ শ্রাবণ ১৪৩০
০১ আগস্ট ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়/পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (পমূপ), স্থানীয় সরকার বিভাগ।
৫। বিভাগীয় কমিশনার (সকল)।
৬। পরিচালক, বিভাগীয় কমিশনারের কার্যালয়, স্থানীয় সরকার (সকল)।
৭। যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৯। উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
১০। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
১১। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
১২। সিনিয়র সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
১৩। সহকারী সচিব(সকল)/হিসাবরক্ষণ কর্মকর্তা/প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ।

দপ্তর/সংস্থা/সিটি কর্পোরেশন: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিষ্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/খুলনা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/রাজশাহী ওয়াসা।
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম/সিলেটরা/জশাহী/খুলনা/বরিশাল/নারায়নগঞ্জ/কুমিল্লা/গাজীপুর/রংপুর/ময়মনসিংহ সিটি কর্পোরেশন।
৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা মশক নিবারনী দপ্তর, ঢাকা।

০১।০৮।২৩

পিন্টু বেপারী
উপসচিব